REG. NO. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৭শে চৈত্র বুধবার ১৩৩০ ইংরাজী 9th April 1924 | ২৯শ সংখ্যা।


# হিলিংবাম

গত ৩০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

## ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৷০

# স্যাণ্ডো

স্বর্ণঘটিত স্যালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত, সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

## আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ [illegible]

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

## রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুধাময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" [illegible] করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির [illegible] হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী [illegible] ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ দশ আনা।

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সংঘেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৭শে চৈত্র বুধবার ১৩৩০ সাল।

## আসাম ব্যবস্থাপক সভা।

বেতন কমে মন্ত্রীর পদত্যাগের কথা।

শিলং, ৩রা এপ্রিল।

অদ্য আসাম ব্যবস্থাপক সভায় বজেটের দাবী সম্বন্ধীয় আলোচনা শেষ হইয়া গিয়াছে। এ পর্য্যন্ত মজলিশে প্রায় সাড়ে তিন লক্ষ টাকার দাবী অগ্রাহ্য করিয়া দেওয়া হইয়াছে। মজলিশে আলোচনার সময় জানা যায় যে, বেতন কমাইয়া দেওয়ায় শিক্ষা মন্ত্রী মৌলবী সৈয়দ মহম্মদ সায়াদুল্লা পদত্যাগ করিতে মনস্থ করিয়াছেন।

---

## বাগবাজারে হুলস্থুল।

ভীষণ পুলিশ জুলুম।

গত ২১শে চৈত্র বৃহস্পতিবার দিন প্রাতঃকালে বাগবাজারে একটা ছোটখাট মারামারি হইয়া গিয়াছে। এই মারামারিতে স্থানীয় পুলিশও নাকি জড়িত আছে। এই মারামারি দেখিবার জন্য বহু লোক জড় হইয়াছিল। এই পাড়ার যামিনীকান্ত দত্তের সঙ্গে গোপাল নামক এক ব্যক্তির মনোমালিন্য ছিল। গোপালের দীনবন্ধু ও শ্যাম নামে দুই বন্ধু আছে। ঘটনার দিন প্রাতঃকালে যামিনী বাবু, দীনবন্ধুর নিকট কিছু পাওনা বাবদ তাগাদা করিতে যান। ইহা নিয়া দীনবন্ধুর সঙ্গে তাঁহার বাকবিতণ্ডা হয়। এই সময় গোপাল একজন পুলিশ নিয়া আসে এবং যামিনী বাবুকে প্রহার করিতে থাকে। পুলিশও নাকি ঐ মারামারিতে যোগদান করে।

(প্রত্যক্ষদর্শীর বিবরণ)

যামিনীবাবু, দীনবন্ধুর নিকট ৩৲ টাকা পাইতেন। ঐ টাকার তাগাদা করিতে যাওয়ায় দীনবন্ধুর সঙ্গে তাঁহার তর্কবিতর্ক হয়। এই সময় গোপাল রাস্তা দিয়া যাইতেছিল, সে বাড়ী হইতে লাঠি নিয়া আসয়া যামিনী বাবুকে আঘাত করে এবং তিনি আঘাতের চোটে রাস্তায় পড়িয়া যান। তারপর যামিনী বাবু বাড়ী চলিয়া যান। গোপাল যাইয়া ইত্যবসরে থানায় সংবাদ দেয় যে, যামিনী বাবু একজন পুলিশকে মারিয়াছে। থানা হইতে ৪।৫ জন পুলিশ আসিয়া যামিনীবাবুকে ঘর হইতে টানিয়া বাহির করিতে থাকে। তাঁহার স্ত্রী এই সময় তাঁহাকে শুশ্রূষা করিতেছিলেন। কয়েকজন প্রতিবেশী আসিয়া পুলিশের এই অবৈধ কার্য্যে বাধা দেওয়ায় পুলিশ তাহাদিগকে প্রহার করে।

---

## রংপুরে নারী-হরণ।

শাশুড়ী, স্ত্রী ও শ্যালক উধাও।

রংপুর জেলার পীরগাছা থানার শ্রীখোলা রাম দাস দেবু জানাইতেছে:—গত ৩১শে ডিসেম্বর তারিখে আমি বাড়ীতে না থাকায় কতিপয় দুর্ব্বৃত্ত আমার শাশুড়ী (২৭।২৮ বৎসর বয়স্কা) ও আমার স্ত্রী (৮।৯ বৎসর বয়স্কা) এবং আমার শ্যালককে (৪।৫ বৎসর বয়স) লইয়া পলায়ন করিয়াছে। অনুসন্ধান করিয়া তাহাদের কোন সংবাদ না পাইয়া থানায় জানাইয়াছি এবং রংপুর কোর্টে দুর্ব্বৃত্তদের নামে নালিশ করিয়াছি। আসামীগণের বাড়ীতে আমার স্ত্রী, শাশুড়ী ও শ্যালককে মাঝে মাঝে দেখিতে পাই।

আমি রংপুরে আসিয়াছিলাম। সেখানে কলিকাতা শিশু-সহায় মাতৃমঙ্গল সমিতির সহকারী সম্পাদক শ্রীযুত স্থশেন্দ্রমোহন রায় মহাশয়ের সহিত সাক্ষাৎ হওয়ায় তিনি সমস্ত বিষয় অবগত হইয়া আমায় সাহায্য করিতে প্রস্তুত হইয়াছেন। তিনি শীঘ্রই আমাদের গ্রামে যাইয়া সমস্ত ব্যবস্থা করিবেন।

---

## ছাত্রের আত্মহত্যা।

—•—

স্থানীয় হাঁসপাতালের ডাক্তার শ্রীযুক্ত জ্ঞানচন্দ্র দাশগুপ্ত মহাশয়ের ভ্রাতুষ্পুত্র রংপুর কারমাইকেল কলেজের ছাত্র ছিল। এইবার তাহার অনারের সহিত বি, এ, পরীক্ষা দেওয়ার কথা ছিল। নানা কারণে পড়াশুনার ব্যাঘাত ঘটায় পরীক্ষায় সম্মানের সহিত কৃতকার্য্যতালাভের আশঙ্কা হয়। এই আশঙ্কায় ছাত্রের কাকা তাহাকে পরীক্ষা হইতে বিরত করেন এবং কাকিনায় আপনার অগ্রজকে এ বিষয়ে লিখিয়া জানান। প্রকাশ পুত্রের পরীক্ষা বন্ধের সংবাদে পিতা অসন্তোষ প্রকাশ করিয়া পত্র লিখেন, এবং উহারই ফলে ছাত্রটি অভিমানে আত্মহত্যা করে। বিগত সোমবার শেষ রাত্রিতে আফিং ও অন্যান্য বিষাক্ত ঔষধ সেবন করায় পরদিবস বেলা দশটার সময় তাহার মৃত্যু হয়। যুবক তাহার কাকা ও প্রভৃতির নামে পত্র লিখিয়া রাখিয়া গিয়াছিল। আমরা ডাক্তার বাবু ও তাহার পরিবারবর্গের এই বিয়োগজনিত বেদনায় সমবেদনা প্রকাশ করিতেছি। (রংপুর দর্পণ)

---

## আশ্চর্য্য মানুষ।

নদীয়ার অন্তর্গত চাঁদেরহাট গ্রামের শ্রীকানাই মণ্ডলের একটি বিধবা কন্যা ১২ বৎসর কাল কিছুমাত্র আহার না করিয়াও বেশ হৃষ্টপুষ্ট ও কর্ম্মক্ষম অবস্থায় গৃহধর্ম্মে নিযুক্তা আছে। অনেকেই পরীক্ষা করিয়া পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধানে জানিতেছেন, ঐ স্ত্রীলোকটি ১২ বর্ষকাল অনাহারে আছে। ইহা বিধাতার বিচিত্র মহিমা বলিতে হইবে।

---

## একটা খেজুর গাছের জন্য দুই খুন।

—•—

রাসবিহারী মণ্ডল ও তার ভাই সখীচরণ মণ্ডল একই বাড়ীতে পৃথক অন্নে বাস করিত। গত অগ্রহায়ণ মাসে একটা খেজুর গাছ লইয়া সালিসি বিচার হয় এবং সালিসগণ খেজুর গাছটা সখীর প্রাপ্য সাব্যস্ত করে। বাড়ীর অপর এক অংশীদার, ভোলানাথ সালিসদের মধ্যে একজন ছিলেন এই সালিসী মীমাংসার কিছুদিন পরে রাসবিহারী খেজুর গাছটা কাটিতে যায়। ইহা দেখিয়া সখী যাইয়া ভোলানাথের কাছে নালিশ করে। ভোলানাথ ও তার ছেলে ভগবান আসিয়া রাসবিহারীর কার্য্যের বিরুদ্ধে প্রতিবাদ করে। রাসবিহারী সালিসদের মীমাংসা মানিতে অস্বীকার করিয়া ভোলানাথকে অকথ্য ভাষায় গালাগালি করে। ভগবান ইহার প্রতিবাদ করিলে সে গাছকাটা দা দিয়া তাকে আক্রমণ করে এবং তার পেটে আঘাত করে। ছেলের এই অবস্থা দেখিয়া ভোলানাথ আর্ত্তনাদ করিতে থাকে। তখন রাসবিহারী তাকেও আক্রমণ করে এবং সেই দা দিয়া তার মাথায় আঘাত করে। ফলে ভোলানাথ তখনই মারা যায়। ভগবানও কিছুক্ষণ বাদে মারা যায়। এই অপরাধে আসামীর যাবজ্জীবন দীপান্তরের আদেশ হইয়াছে।

---

## কুৎসিত বরের বিবাহ ভঙ্গ।

—•—

বরিশাল জেলার এক সুন্দরী পাত্রীর সহিত ফরিদপুর জেলার এক কদাকার লম্বা কৃষ্ণকায় ট্যারা পাত্রের বিবাহ সম্বন্ধ স্থির হয়। বিবাহ রাত্রিতে শুভদৃষ্টি কালে পাত্রী পাত্রকে দর্শন করিয়াই মূর্চ্ছিত হইয়া পড়ে। পাত্র লজ্জায় ও আত্মগ্লানিতে ম্রিয়মান হইয়া ঐ সময়ে গোপনে প্রস্থান করেন। পাত্রী জ্ঞানলাভ করিলে যখন বিবাহের অবশিষ্ট কার্য্য সম্পন্ন করিবার জন্য পাত্রের খোঁজ পড়িল, তখন জানা গেল পাত্র পলাইয়াছেন। সুতরাং বিবাহ ভঙ্গ হইল।

—:০:—

## ম্যাজিষ্ট্রেটের প্রতি দুর্ব্যবহার।

—•—

নোয়াখালীর জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ মার্টিন কার্য্যোদ্দেশে রামগঞ্জে গিয়া অবস্থান করিতেছিলেন। গত সোমবার তিনি পদব্রজে রায়পুর রোডের উপর দিয়া ভ্রমণ করিতে করিতে রামগঞ্জ হইতে প্রায় দুই মাইল দূরে গিয়া পড়েন। সেখানে দুইটি মুসলমান বালক তাঁহাকে গালাগালি দেয়। মিঃ মার্টিন তাহাদের মধ্যে একজনকে ধরিয়া ফেলেন। ঘটনাস্থলের অতি সন্নিকটে মাঠে বহু লোক কাজ করিতেছিল। তাহারা ম্যাজিষ্ট্রেট সাহেবের মুষ্টিতে আবদ্ধ বালককে দেখিতে পাইয়া দলবদ্ধ হইয়া তাঁহাকে আক্রমণ করে। তিনি

তাহাদের মধ্যে একজনকে ঠেলিয়া ফেলিয়া দেন এবং দৌড়াইতে দৌড়াইতে প্রায় ১॥ মাইল দূরে থানায় গিয়া হাজির হন। জনতা থানা পর্য্যন্ত তাঁহার পাছু পাছু গিয়াছিল। মিঃ মার্টিন পায়ের গাঁট ও দক্ষিণ হস্তের কব্জীতে আঘাত পাইয়াছেন।

## গড়ের মাঠে অচেতন যুবক।

গত মঙ্গলবার প্রাতে গড়ের মাঠে জেনারেল রবার্টসের প্রতিমূর্ত্তির সন্নিকটে একটী অজ্ঞাত হিন্দু যুবককে সংজ্ঞাহীন অবস্থায় শুইয়া থাকিতে দেখা যায়। তাহাকে ক্যাম্বেল হাসপাতালে পাঠাইয়া দেওয়া হয়। ডাক্তারেরা প্রতিপন্ন করেন যে, সে আফিং খাইয়াছিল। হতভাগ্য হাসপাতালেই প্রাণত্যাগ করিয়াছে। তাহার বয়স অনুমান ২২ বৎসর

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ২২শে এপ্রিল ১৯২৪।

৩৫ মনি ডিঃ কুড়ানচন্দ্র সিংহ দেং তপেশ মণ্ডল দাবি ২৪৩।/৬ পং রাজসাহী মৌজে বহড়াগাছি ৭/২॥ কাত ৫৫/৪ দেন্দারের অর্দ্ধেকঅংশে আঃ ১৫০৲

৩৬ মনি ডিঃ ঐ দেং মোহন মণ্ডল দাবি ২৬২।/ পং ঐ মৌজে বহড়াগাছি ৭/২॥ কাত ৫৫/৪ দেন্দারের অর্দ্ধেক অংশে আঃ ১৫০৲

৬১ রেহান ডিঃ কাশীনাথ দাস দেং যজ্ঞেশ্বর মণ্ডল দিং দাবি ৭৩।৵৩ পং কুণ্ডরপ্রতাপ মৌজে লালপুর ।২ লাখরাজ আঃ ৪০৲

৭৬ রেহান ডিঃ রাধামাধব দাস দেং সুবেদার সেখ দাবি ১৬৪৲৬ পং মঙ্গলপুর মৌজে ইশবপুর ॥২ কাত ১৵ জমার অন্তর্গত আঃ ৫০৲

৮১ রেহান ডিঃ রজনীকান্ত সরকার দেং উজির বিশ্বাস দাবি ২৮৬।৯ পং দশহাজারী মৌজে লক্ষ্মীপুর সুদল ৭॥২॥ কাত ৬॥১০ আঃ ১০০৲ ২। পং কাকজোল মৌজে আজাহি পুর ৫/ কাত ৪৵১০ ঐ জমার অন্তর্গত ৮৫২ কাত ॥৵৫॥ আঃ ১০০৲ ৩। পং ও মৌজে ঐ ৩/ কাত ৬৵/১৫ আঃ ৭৫৲

৭৭ মর্গেজ ডিঃ লুটন মণ্ডল দেং গণেশরাম ভকত দাবি ২১৫/৬ পং রুদ্রনপুর মৌজে ডোমপাড়া ৩/ মধ্যে ২॥০ আঃ ৭৫৲ আঃ ॥০ বিঘা আঃ ২৫৲

৯০ মর্গেজ ডিঃ মৃত্যুঞ্জয় ঘোষ দেং আবু সেখ দিং দাবি ৮১৩।/৩ পং রুকুনপুর মৌজে নিজ গ্রাম বেওয়া ৫॥৩ কাত ২॥৬ জমার অন্তর্গত ॥৪ কাঠা ও তদুপরিস্থিত বদরী বৃক্ষ আঃ ৫০৲ ২। জেলা ডুমকা সাওতাল পরগণা পং মকরাইল মৌজে দরিয়াপুর ৪॥৩ কাত ৩।০ জমার অন্তর্গত ২।০৲১॥ কাত ১॥৵ আঃ ১০০৲ ৩। ঐ মৌজাদিতে ৬।৪৲৯ কাত ৪॥০ জমার অন্তর্গত ২৫৩৲১৮॥ আঃ ৩০০৲

## বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, ধুলিয়ান জিওলমারী বলরামপুর গঞ্জ মধ্যে আমাদের যে পোক্ত গুদামঘর সহ গদি আছে তাহা বিক্রয় করা হইবে। গ্রাহকগণ কি মূল্যে উক্ত গদি সায় গুদামঘর খরিদ করিতে পারেন তাহা আগামী ১৫ই বৈশাখ মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পত্র দিয়া অথবা সাক্ষাৎ করিয়া জানাইতে পারেন। বিক্রীত সম্পত্তির সম্বন্ধে কোন বিষয় জানিতে ইচ্ছা করিলে তাহাও জানিতে পারিবেন। উক্ত কারমের লহনা পাওনাও উপযুক্ত কমিশন বাদ দিয়া বিক্রয় করা হইবে।

শ্রীমহাদেবরাম শিবশঙ্কররাম ভকত।
পোঃ জিয়াগঞ্জ, (মুর্শিদাবাদ)





খেতে কোন হাঙ্গামা নাই

অনুপান—গরম দুধ; অভাবে গরম জল।

| | |
|---|---|
| মাত্রা | পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূ্যন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ। |
| ব্যবহার বিধি | সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে। |
| পথ্যাপথ্য | পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ; মুগ, ছোলা বা অড়হর ডাল; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী। |
| সাধারণ নিয়ম | প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। |
| নিষিদ্ধ | নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে। |

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়।

উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

এক শিশি ১॥০ টাকা—ডাকমাশুল ৷৵০ আনা

সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ
২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

## অম্লরোগের মহৌষধ

অম্লপিত্তান্তক বটিকা—দক অজীর্ণ অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত ও দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ॥০ আনা মাত্র ডাক মাশুলস্বতন্ত্র।

## নিম সাবান।

এই সাবান মাখিলে সামান্য খুজলি (চুলকানি) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টিজনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৷৵০ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।
ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেণ্টস্ঃ—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ) ৩। শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

## বিনামূল্যে ও বিনামাশুলে

রত্নসদৃশ গ্রন্থরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল!

সত্বর লিখুন—বিলম্বে হতাশ হইবেন।

ঠিকানা :— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী।

'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আরও পড়ুন! আরও দেখুন!! অবাক্ হইবেন!!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী।

১। সকল সালসার রাজা "লোহাসব"।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হৃৎপান যক্ষ্মা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বৃদ্ধি বন্ধ হয়। মূল্য ১২ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লৌহ হজম করিতে পারিবেন এবং দেহ লৌহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের অঙ্গে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং নয়ননেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷০ আট আনা, মাশুলাদি ৷৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

# ইলেক্‌ট্রিক সলিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, স্নায়ু সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের পুঁড়ি, বালসা সর্দ্দি, কাশি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ২॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

১নং। দামোদর সুধা।ঃ— মূল্য ॥৶০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য

অস্ত্রেপ্রতীপ।ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলা ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ।০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যাশ্চর্য্য ঔষধ। মূল্য ।৶০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। একজিমন ঃ— একজিমা বা কাউরের একমাত্র ঔষধ। মূল্য ।০ আনা।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**

সতরপুর, পোষ্ট অফিস ষ্ট্রীট, কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।